# আর্থিক সংকটে ভর্তি অনিশ্চিত শিক্ষার্থীর পাশে দাঁড়াল নোবিপ্রবি সাদাদল

**নোবিপ্রবি প্রতিনিধি**

প্রকাশ: ১৬ জুলাই, ২০২৬ ২২:২০




সংগৃহীত ছবি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ভর্তি হতে এসে আর্থিক সংকটের কারণে চূড়ান্ত ভর্তি নিয়ে অনিশ্চয়তায় পড়েছিলেন এক শিক্ষার্থী। প্রয়োজনীয় অর্থের অভাবে যখন তাঁর বিশ্ববিদ্যালয়ে ভর্তিই অনিশ্চিত হয়ে পড়ে, তখন মানবিক উদ্যোগ নিয়ে পাশে দাঁড়ায় বিশ্ববিদ্যালয়ের বিএনপিপন্থি শিক্ষকদের সংগঠন সাদাদল।

তাদের সহযোগিতায় শেষ পর্যন্ত শিক্ষার্থীটি ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে সক্ষম হন।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, শিক্ষার্থীর আর্থিক অসচ্ছলতার বিষয়টি প্রথমে নজরে আসে নোবিপ্রবির বগুড়া জেলা ছাত্রকল্যাণ পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ মাহমুদ হৃদয়ের। বিষয়টি জানার পর তিনি দ্রুত নোবিপ্রবি সাদাদলের সাংগঠনিক সম্পাদক অধ্যাপক ড. মো. আব্দুল কাইয়ুম মাসুদকে অবহিত করেন।

খোঁজ নিয়ে জানা যায়, ভর্তি-সংক্রান্ত নির্ধারিত অর্থ পরিশোধ করতে না পারায় শিক্ষার্থীটি চরম দুশ্চিন্তায় ছিলেন।

বিষয়টি জানার পর সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ করেন সাদা দলের সাংগঠনিক সম্পাদক আব্দুল কাইয়ুম মাসুদ বলেন, 'টাকার অভাবে একজন মেধাবী শিক্ষার্থীর ভর্তি আটকে যেতে পারে না। আমাদের বিশ্ববিদ্যালয়ের বগুড়া জেলা ছাত্রকল্যাণ পরিষদ থেকে একজন জানায় যে একজন শিক্ষার্থী অর্থের অভাবে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারছে না। এটি শুধু সাদাদলের প্রতিনিধি হিসেবে নয়, বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক হিসেবেও আমাদের দায়িত্ব ছিল সেই শিক্ষার্থীকে সহযোগিতা করা, যাতে সে নির্বিঘ্নে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে পারে। আমরা আমাদের অবস্থান থেকে সর্বোচ্চ চেষ্টা করেছি।

’

তিনি আরো বলেন, ‘অর্থের অভাবে যেন কোনো শিক্ষার্থীর উচ্চশিক্ষার স্বপ্ন থেমে না যায়, সে বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের আরও আন্তরিক হওয়া প্রয়োজন। নোবিপ্রবি সাদাদল ভবিষ্যতেও এমন বিষয়গুলো গুরুত্বের সঙ্গে বিবেচনার জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানাবে।’

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের মতে, উচ্চশিক্ষায় ভর্তির ক্ষেত্রে আর্থিক সংকট অনেক শিক্ষার্থীর জন্য বড় প্রতিবন্ধকতা হয়ে দাঁড়ায়। এমন সময়ে ব্যক্তি বা সংগঠনের মানবিক উদ্যোগ একজন শিক্ষার্থীর জীবন ও ভবিষ্যৎ বদলে দিতে পারে। নোবিপ্রবি সাদাদলের এ উদ্যোগও মানবিক দায়িত্ববোধ ও সামাজিক দায়বদ্ধতার একটি ইতিবাচক উদাহরণ হিসেবে বিবেচিত হচ্ছে।

শিক্ষার্থীদের একাংশের আশা, বিশ্ববিদ্যালয়ে আর্থিকভাবে অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের জন্য আরো কার্যকর সহায়তা তহবিল ও জরুরি সহযোগিতা ব্যবস্থা গড়ে তোলা হলে ভবিষ্যতে অর্থের অভাবে কোনো শিক্ষার্থীর ভর্তি বা শিক্ষাজীবন বাধাগ্রস্ত হবে না।